# বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

## সাভার, ঢাকা- ১৩৪১

**বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন।**

**ক) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটিঃ**

বিএলআরআই-এর সর্বশেষ হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশুতি পরিবীক্ষণ কমিটি-

| ক্রমিক নং | নাম ও পদবি | কর্মদায়িত্ব | ফোন ও ই-মেইল |
|---|---|---|---|
| ১ | জনাব মো: আজহারুল আমিন<br>অতিরিক্ত পরিচালক, বিএলআরআই | আহবায়ক<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ০১৫৫২৪৫৬৪১৩<br>ad@blri.gov.bd |
| ২ | জনাব মোহাম্মদ লুৎফুল হক<br>সিস্টেম এনালিস্ট, বিএলআরআই | সদস্য | ০১৭১১৪৪৬২৪৬<br>sa@blri.gov.bd |
| ৩ | ড. গৌতম কুমার দেব<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বায়োটেকনোলজি বিভাগ, বিএলআরআই | সদস্য | ০১৭১৬৫২৩৪২৩<br>debgk2003@blri.gov.bd |
| ৪ | মোঃ রেজাউল হাই রাকিব<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ, বিএলআরআই | সদস্য | ০১৭০৮০৭০৬৩১<br>rakib_rezaul@blri.gov.bd |
| ৫ | দেবজ্যোতি ঘোষ<br>তথ্য কর্মকর্তা, বিএলআরআই | সদস্য সচিব<br>ও<br>বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ০১৯১৩৮১০৮৭১<br>devjyotighosh@blri.gov.bd |

**খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী গৃহীত কার্যক্রমের ত্রৈমাসিক হালনাগাদ তথ্যঃ**

**[১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নঃ**

গত ২০/১২/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ ও তার অগ্রগতি প্রতিবেদন

| ক্রমিক নং | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান বিষয়ে অংশীজনদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজনের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়িত |
| ০২ | ডিসেম্বর'২০২১ এর শেষ সপ্তাহের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর উপর একটি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | বাস্তবায়িত |
| ০৩ | বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির বিভিন্ন অংশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম সংশোধন করে এবং যোগাযোগের জন্য দাপ্তরিক টেলিফোন নাম্বার সংযোজন করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়িত |
| ০৪ | 'উদ্ভাবিত উন্নত জাতের ফডার কাটিং বিতরণ' অংশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তার সঙ্গে 'সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের ইনচার্জগণ' সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়িত |

দেবজ্যোতি

| | | |
|---|---|---|
| ০৫ | ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ হতে ছাগল উৎপাদন গবেষণা বিভাগ ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ নামক পৃথক দুইটি বিভাগ হওয়ায় 'স্বল্পমূল্যে উন্নত জাতের ছাগল ও ভেড়ার প্রজনন পাঠা বিতরণ' নামক সেবার স্থলে 'স্বল্পমূল্যে উন্নত জাতের ছাগলের প্রজনন পাঠা বিতরণ' ও 'স্বল্পমূল্যে উন্নত জাতের ভেড়ার প্রজনন পাঠা বিতরণ' নামক পৃথক দুইটি সেবা সিটিজেন চার্টারে সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | বাস্তবায়িত |
| ০৬ | 'খামারী ও উদ্যোক্তাগণকে প্রাণী ও পোল্ট্রি প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান' অংশে সেবা প্রদানের সময়সীমা হিসেবে ৯০ কার্যদিবসের সঙ্গে 'প্রশিক্ষণ প্রদানের সুযোগ ও সক্ষমতা অনুযায়ী' অংশটুকু যুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | বাস্তবায়িত |
| ০৭ | 'বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সাথে দ্বি-পাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক সাক্ষর' অংশে সেবা প্রদানের সময়সীমা হিসেবে ৩০ কার্যদিবসের পরিবর্তে ৯০ কার্যদিবস সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | বাস্তবায়িত |
| ০৮ | 'বহি:বাংলাদেশ গমনে পাসপোর্ট প্রাপ্তির জন্য অনাপত্তি (NOC) প্রদানের ব্যবস্থা করা' অংশে সেবা প্রদান পদ্ধতি হিসেবে 'ই-নথি ব্যবহার করে আবেদনের মাধ্যমে' সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | বাস্তবায়িত |
| ০৯ | 'অফিস, ল্যাব ও বিভিন্ন গবেষণা সেডে কারিগরি সহায়তা, যেমন- বিদ্যুৎ, গ্যাস ও পানির সংযোগ প্রদান ও মেরামত অংশে' সেবা প্রদানের সময়সীমা হিসেবে ০২ কার্যদিবসের পরিবর্তে ০৫ কার্যদিবস সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | বাস্তবায়িত<br>(পরবর্তীতে প্রতিষ্ঠানের নিয়মিত কাজ বিধায় সেবাটি সেবা প্রদান প্রতিশ্রুতি হতে বাদ দেওয়া হয়) |
| ১০ | বিভিন্ন সেবা প্রপ্তির জন্য প্রয়োজনীয় আবেদনের নমুনা আবেদনপত্র তৈরি করে ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়িত |
| ১১ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের বাধ্যবাধকতা সম্পর্কে অবিহিত করে এবং স্ব স্ব বিভাগ/শাখা যেনো সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রার সংরক্ষণপূর্বক নিয়মিত মাসিকভাবে সেবা প্রদানের প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ করে তা উল্লেখ করে একটি অফিস আদেশ জারি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | বাস্তবায়িত |
| ১২ | 'পোল্ট্রি ও প্রাণিখাদ্য বিশ্লেষণ', 'পোল্ট্রি ও প্রাণিস্বাস্থ্য সংশ্লিষ্ট রোগ নির্ণয়' ও 'প্রকাশনা সামগ্রী বিক্রয় ও বিতরণ' সংক্রান্ত নাগরিক সেবা সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সেবাসমূহের মূল্য নির্ধারণ করার বিষয়ে ইনস্টিটিউটের মূল্য নির্ধারণী কমিটিকে একটি পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | বাস্তবায়িত |

প্রমাণক হিসেবে অবহিতকরণ সভা আহ্বানের নোটিশ, সভার উপস্থিতি তালিকা ও সভা পরবর্তী প্রতিবেদন; প্রশিক্ষণে উপস্থিত কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা; হালনাগাদকৃত হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার); সেবা গ্রহণের জন্য প্রয়োজনীয় ফর্মের কপিসহ ওয়েবসাইটের স্ক্রিনশট; সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদানের প্রতিবেদন প্রেরণের অফিস আদেশ ও মূল্য নির্ধারণী কমিটিকে প্রেরিত পত্র সংযুক্ত করে প্রেরণ করা হলো।

**[১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ**

গত ২০/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত এবং গত ২৩/১২/২০২১ খ্রিঃ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব সুবোল বোস মনি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভার পর্যবেক্ষণের প্রেক্ষিতে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংশোধন ও হালনাগাদ করা হয়েছে। গত ২৬/১২/২০২১ খ্রিঃ তারিখে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর অনুমোদন গ্রহণ করা হয় এবং গত ২৮/১২/২০২১ খ্রিঃ তারিখে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-টি ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড করা হয়।

প্রমাণক হিসেবে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), হালনাগাদের অনুমোদন ও ওয়েবসাইটে আপলোডের স্ক্রিনশট সংযুক্ত করে প্রেরণ করা হলো।

**[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনঃ**

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক দিনব্যাপী একটি প্রশিক্ষণ গত ০২/১১/২০২১ খ্রিঃ তারিখে ইনস্টিটিউটের ট্রেনিং ডরমিটরি ভবনের প্রশিক্ষণ কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে ইনস্টিটিউটের ৩৮ (আটত্রিশ) জন বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।

প্রমাণক হিসেবে প্রশিক্ষণে উপস্থিত কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা সংযুক্ত করে প্রেরণ করা হলো।

**[২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনঃ**

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর সেবা প্রদান বিষয়ে অংশীজনদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা গত ২১/১২/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে (চতুর্থ তলা) অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের অতিরিক্ত পরিচালক ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির আহবায়ক জনাব মোঃ আজহারুল আমিন। উক্ত অবহিতকরণ সভায় ইনস্টিটিউটের অংশীজনদের মধ্যে ৩৩ (তেত্রিশ) জন আগ্রহী খামারি অংশগ্রহণ করেন।

প্রমাণক হিসেবে উক্ত অবহিতকরণ সভা আহ্বানের নোটিশ, সভার উপস্থিতি তালিকা ও সভা পরবর্তী প্রতিবেদন সংযুক্ত করে প্রেরণ করা হলো।

**গ) সেবা প্রদান প্রতিশ্রুতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নামঃ**

| ক্রমিক নং | ফোকাল পয়েন্ট কর্মকর্তা | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
|---|---|---|
| ০১ | জনাব মো: আজহারুল আমিন<br>অতিরিক্ত পরিচালক<br>বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট<br>সাভার, ঢাকা-১৩৪১<br>ফোনঃ ০১৫৫২৪৫৬৪১৩<br>ই-মেইলঃ ad@blri.gov.bd | দেবজ্যোতি ঘোষ<br>তথ্য কর্মকর্তা,<br>বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট<br>সাভার, ঢাকা-১৩৪১<br>ফোনঃ ০১৯১৩৮১০৮৭১<br>ই-মেইলঃ devjyotighosh@blri.gov.bd |

দেবজ্যোতি ২২/০১/২২

দেবজ্যোতি ঘোষ
তথ্য কর্মকর্তা
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

২২/০১/২২
(মোঃ আজহারুল আমিন)
অতিরিক্ত পরিচালক
ও
আহবায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি
ফোনঃ ০২২২৪৪৯১৬৭৩
ই-মেইলঃ infoblri@gmail.com